গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ১০-১১-২০১৫ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ০৪-১০-২০১৫ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন করার বিষয়ে আলোচনা হয় যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যে কোন অভিযোগ দাখিল করতে পারবে। পরবর্তীতে কর্তৃপক্ষ গ্রাহককে একটি প্রাপ্তি স্বীকার পত্র/বার্তা প্রেরণ করবে। অভিযোগের পরিপ্রেক্ষিতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা গ্রাহককে জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়। সকল বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইটে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ নম্বর (মোবাইল/টেলিফোন নম্বর) প্রদর্শন করতে হবে। গ্রাহক সরবরাহকৃত নম্বরে ফোন করলে তাঁর নিজ এলাকার অভিযোগ কেন্দ্রের নম্বর সরবরাহ করবেন। বিতরণ অফিসের অভিযোগ কেন্দ্রে কোন প্রতিকার না পেলে সংস্থার কেন্দ্রীয় কন্ট্রোল রুমে অভিযোগ প্রেরণ করা যাবে। এ জন্য সংস্থার কেন্দ্রীয় কন্ট্রোল রুম স্থাপনের জন্য বিদ্যুৎ বিভাগ থেকে নির্দেশমালার আকারে পত্র জারি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত সভা আহবান করার বিষয়ে আলোচনা হয়। সভায় প্রোগ্রামার জানান যে, অক্টোবর, নভেম্বর মাসে ৫টি সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন কমিটির সভা করেছেন এবং এর কার্যবিবরণী ই-মেইলে এ বিভাগে প্রেরণ করেছেন। সকল সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী যথাসময়ে বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের মেইল-এ প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রোগ্রামার প্রাপ্ত সকল কার্যবিবরণীর সার-সংক্ষেপ চিফ ইনোভেশন অফিসারের নিকট উপস্থাপনের ব্যবস্থা নিবেন।

০৪। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা হয়। ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের মডিউল প্রস্তুত করতে বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এবং ডিডি (এমআইএস), পাওয়ার সেলকে নির্দেশ দেয়া হয়। আগামী ১৫ দিনের মধ্যে আইসিটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক তা সভাপতির নিকট উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির বিষয়ে আলোচনা হয়। সভায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রতিনিধি জানান যে, তাঁদের ১৬ হাজার কর্মকর্তার তথ্য

এক্সেল শিটে এন্ট্রি করা হয়েছে এখন Unified PMIS সফটওয়্যারে ফাইল আপলোড করার প্রক্রিয়া শুরু হয়েছে। পবিবো জানায় তাদের সমিতি সমূহের জনবলের তথ্য এন্ট্রি করার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। খুব শীর্ঘই ডাটা এন্ট্রির কাজ শুরু হবে। আগামী ১৫ দিনের মধ্যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের জনবলের তথ্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য তাগিদ দেয়া হয়। এক্ষেত্রে স্ব-স্ব সংস্থা/কোম্পানিসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে ওয়েবসাইটে ইনবক্স বা অনুরূপ সুবিধা চালুর বিষয়ে পরামর্শ দেয়া হয়। সংগৃহীত নতুন আইডিয়াসমূহের মধ্য থেকে যাচাই বাছাইয়ের পর তা তালিকা আকারে প্রকাশ এবং বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে। সবচেয়ে ভাল আইডিয়াদাতাকে পুরস্কারের ব্যবস্থা করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। বিদ্যুৎ সাশ্রয়ী বিভিন্ন স্লোগান সমৃদ্ধ মিনা কার্টুনের আদলে অন্য কোন নামে একটি ক্যারেক্টার সৃষ্টি করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে পাওয়ার সেলকে একটি প্রস্তাব তৈরী করার জন্য অনুরোধ করা হয়। বিদ্যুৎ সাশ্রয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্লোগান সম্বলিত স্বচ্ছ স্টিকার প্রস্তুত করে সেগুলো যানবাহন, বড় বড় শপিং মল, স্কুলের ছোট ছোট বাচ্চাদের কাছে হস্তান্তর করার বিষয়ে পাওয়ার সেল এর প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির তাদের ওয়েবসাইটে বিদ্যুৎ সাশ্রয়ীর বার্তা সম্বলিত একটি পাতা তৈরী করবে। বিশেষ করে ডেসকো আগামী ১৫ দিনের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ের বার্তা সম্বলিত পেজ তৈরী করে ওয়েবসাইটে সংযুক্ত করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। Online Application for New Connection বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিস্পত্তি করছে। নতুন সংযোগের ক্ষেত্রে গ্রাহকগণ অনলাইন/এসএমএস এর মাধ্যমে যাতে সহজেই তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারে তার যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে তাগিদ দেয়া হয়। এক্ষেত্রে গ্রাহক কত দিনের মধ্যে সংযোগ পাবেন তার সুনির্দিস্ট সম্ভাব্য তারিখ গ্রাহককে জানাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। e-GP Portal এর মাধ্যমে Tender Process করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে বর্তমানে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করছে। বিদ্যুৎ বিভাগ ও যাতে e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারে সে বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে e-GP Portal এ রেজিষ্ট্রেশনের উদ্যোগ গ্রহণের জন্য পত্র (ইউও নোট) প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। পাওয়ার সেল এবং স্রেডাকে e-GP Portal এ রেজিষ্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়।

১০। বিদ্যুৎ বিভাগের KPI স্থাপনাসমূহে পর্যাপ্ত নিরাপত্তার স্বার্থে Closed Circuit Camera এবং IP Surveillance System বসানো এবং কার্যকর করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার সকল KPI-এর হালনাগাদ তালিকা উপস্থাপন করেন। তালিকা অনুযায়ী সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র সঠিকভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে। PGCB এর HVDC স্থাপনার নিরাপত্তার বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার হালনাগাদ তথ্য এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়।

১১। প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগ ও পিডিবির ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয়। রিয়েল টাইম ডাটা পোর্টালে যুক্ত করার প্রক্রিয়া এবং সমস্যা/সম্ভাবনা পরীক্ষা নিরীক্ষা করে তার প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করার জন্য পিজিসিবিকে অনুরোধ করা হয়।

১২। বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজী সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে হোম পেজ আগামী ১৫ দিনের মধ্যে বাংলায় রুপান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রুপান্তর করার বিষয়ে পরামর্শ দেয়া হয়।

১৩। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক কন্ট্রোল রুম স্থাপন করবে যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যেকোন অভিযোগ দাখিল করতে পারে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইটে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্রের ঠিকানা/নম্বর (মোবাইল/টেলিফোন/ই-মেইল) সংযোজন করবে। এক্ষেত্রে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্র গঠনের জন্য নির্দেশমালার আকারে পত্র জারি করতে হবে।

বাস্তবায়নঃ- প্রশাসন-১ অধিশাখা।

(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত ও যথাসময়ে আহবান করতে হবে। ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ২৪ ঘন্টার মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নঃ- প্রতিটি সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের প্রধান।

(গ) (১) বিদ্যুৎ সাশ্রয়ী বিভিন্ন স্লোগান সমৃদ্ধ মিনা কার্টুনের আদলে অন্য কোন নামে ক্যারেক্টার সৃষ্টি করা যায় কি না তা পাওয়ার সেল সমীক্ষা করবে।
(২) পাওয়ার সেল বিদ্যুৎ সাশ্রয়ী বিভিন্ন স্লোগান এর স্বচ্ছ স্টিকার প্রস্তুত করে সেগুলো যানবাহন, বড় বড় শপিং মল ইত্যাদি স্থানে লাগানো এবং স্কুলের ছোট ছোট বাচ্চাদের কাছে হস্তান্তরের ব্যবস্থা করবে।
(৩) সকল দপ্তর/সংস্থা/কোম্পানির তাদের ওয়েবসাইটে বিদ্যুৎ সাশ্রয়ী স্লোগান সমেত একটি পাতা তৈরী করতে হবে। ডেসকো আগামী ১৫ দিনের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী স্লোগান পেজ তৈরী করে ওয়েবসাইটে সংযুক্ত করবে।

বাস্তবায়নঃ সকল সংস্থা/কোম্পানি ও পাওয়ার সেল।

(ঘ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের প্রশিক্ষণ সিডিউল প্রস্তুতপূর্বক তা আগামী ১৫ দিনের মধ্যে সভাপতির নিকট হস্তান্তর করতে হবে।

বাস্তবায়নঃ- প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ ও ডিডি (এমআইএস), পাওয়ার সেল।

(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সকল জনবলের তথ্য আগামী ১৫ দিনের মধ্যে Unified PMIS এ এন্ট্রি শেষ করতে হবে। উক্ত সময়ের মধ্যেই অসম্পূর্ণ এন্ট্রি সংশোধন করার ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(চ) (১) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ অধিকতর জনবান্ধব উদ্ভাবনী ধারণা প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।
(২) উদ্ভাবনী ধারণাসমূহ নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে ওয়েবসাইটে ইনবক্স চালু করতে হবে। সংগৃহীত নতুন আইডিয়াসমূহের মধ্য থেকে যাচাই বাছাইয়ের পর সবচেয়ে ভাল আইডিয়াদাতাকে পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ছ) সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইনে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিস্পত্তি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে গ্রাহককে সুনির্দিষ্ট সম্ভাব্য তারিখ জানাতে হবে।

বাস্তবায়নঃ- সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি।

(জ) (১) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) বিদ্যুৎ বিভাগের আতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়কে e-GP Portal এ রেজিষ্ট্রেশন করার জন্য পুনরায় ইউও নোট দিতে হবে।

(৩) পাওয়ার সেল এবং স্রেডা কে e-GP Portal এ রেজিষ্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ- বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঝ) (১) KPI স্থাপনাসমূহের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে Closed Circuit Camera এবং IP Surveillance System স্থাপন বা কার্যকর রাখতে হবে। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র যথাযথভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে।

(২) KPI সমূহে পর্যাপ্ত নিরাপত্তার লক্ষ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার হালনাগাদ প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ-সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঞ) প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগ ও পিডিবির ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে পিজিসিবি কে একটি উপযুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে তা পরীক্ষা করতে হবে। পরীক্ষার অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করবেন।

বাস্তবায়নঃ- এনএলডিসি/পিজিসিবি।

(ট) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজী সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশেষ করে হোম পেজ আগামী ১৫ দিনের মধ্যে বাংলায় রূপান্তর করবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ মাহবুব-উল-আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ